# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩০৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০৮]

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯২: যে পশুর গোশত খাওয়া হালাল তার পেটের গোবর কাপড়ে লাগা প্রসঙ্গে

## بَاب فَرْثِ مَا يُؤْكَلُ لَحْمُهُ يُصِيبُ الثَّوْبَ

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عُثْمَانَ بْنِ حَكِيم، قال: حَدَّثَنَا خَالِدٌ يَعْنِي ابْنَ مَخْلَدٍ، قال: حَدَّثَنَا عَلِيٌّ وَهُوَ ابْنُ صَالِحٍ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَمْرِو بْنِ مَيْمُونٍ، قال: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ فِي بَيْتِ الْمَالِ، قال: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي عِنْدَ الْبَيْتِ وَمَلَأٌ مِنْ قُرَيْشٍ جُلُوسٌ وَقَدْ نَحَرُوا جَزُورًا، فَقَالَ بَعْضُهُمْ: أَيُّكُمْ يَأْخُذُ هَذَا الْفَرْثَ بِدَمِهِ، ثُمَّ يُمْهِلُهُ حَتَّى يَضَعَ وَجْهَهُ سَاجِدًا فَيَضَعُهُ يَعْنِي عَلَى ظَهْرِهِ ؟ قَالَ عَبْدُ اللَّهِ: فَانْبَعَثَ أَشْقَاهَا، فَأَخَذَ الْفَرْثَ فَذَهَبَ بِهِ ثُمَّ أَمْهَلَهُ فَلَمَّا خَرَّ سَاجِدًا وَضَعَهُ عَلَى ظَهْرِهِ، فَأُخْبِرَتْ فَاطِمَةُ بِنْتُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهِيَ جَارِيَةٌ، فَجَاءَتْ تَسْعَى فَأَخَذَتْهُ مِنْ ظَهْرِهِ، فَلَمَّا فَرَغَ مِنْ صَلَاتِهِ، قَالَ: اللَّهُمَّ عَلَيْكَ بِقُرَيْشٍ، ثَلَاثَ مَرَّاتٍ، اللَّهُمَّ عَلَيْكَ بِأَبِي جَهْلِ بْنِ هِشَامٍ، وَشَيْبَةَ بْنِ رَبِيعَةَ، وَعُتْبَةَ بْنِ رَبِيعَةَ، وَعُقْبَةَ بْنِ أَبِي مُعَيْطٍ حَتَّى عَدَّ سَبْعَةً مِنْ قُرَيْشٍ . قَالَ عَبْدُ اللَّهِ: فَوَالَّذِي أَنْزَلَ عَلَيْهِ الْكِتَابَ، لَقَدْ رَأَيْتُهُمْ صَرْعَى يَوْمَ بَدْرٍ فِي قَلِيبٍ وَاحِدٍ.

تخريج دارالدعوه: صحيح البخارى/الوضوء ٦٩ (٢٤٠)، والصلاة ١٠٩ (٥٢٠)، والجهاد ٩٨ (٢٩٣٤)، والجزية ٢١ (٣١٨٥)، ومناقب الأنصار ٢٩ (٣٨٥٤)، صحيح مسلم/الجهاد ٣٩ (١٧٩٤)، (تحفة الأشراف ٩٤٨٤)، مسند احمد ١/ ٣٩٣، ٣٩٧، ٤١٧ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 308 ـ صحيح

বাংলা

৩০৭. আহমাদ ইবনু উসমান ইবনু হাকীম (রহ.) ..... আর ইবনু মায়মূন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ’আবদুল্লাহ ইবনু মাস্’উদ (রাঃ) আমাদের কাছে বায়তুল মাল সম্পর্কিত একটি হাদীস বর্ণনা করতে গিয়ে বলেন যে, রাসূলুল্লাহ (সা.) বায়তুল্লাহর কাছে সালাত আদায় করছিলেন। তখন একদল কুরাইশ সেখানে বসা ছিল তারা একটি উট যবেহ করেছিল। তাদের একজন বলল, তোমাদের মধ্যে কে এর রক্ত মাখা উদরস্থিত গোবর (নাড়ি-ভুড়িসহ) নিয়ে তার কাছে গিয়ে অপেক্ষা করতে পারবে, তারপর যখন সে সাজদায় যাবে তখন তা তার পিঠের উপর চাপিয়ে দিবে? ’আবদুল্লাহ (রাঃ) বলেন, এরপর তাদের সবচাইতে নিকৃষ্ট ব্যক্তিটি প্রস্তুত হল এবং গোবরযুক্ত নাড়ি-ভুড়ি হাতে নিয়ে অপেক্ষায় রইল, যখন তিনি সাজদায় গেলেন, তখন তা তাঁর পিঠের উপর ফেলে দিল। তখন রাসূলুল্লাহ (সা.) -এর কন্যা ফাত্বিমাহ্ (রাঃ) এ সংবাদপ্রাপ্ত হলেন, এ সময় তিনি ছিলেন অল্পবয়স্কা। তিনি দৌড়ে এলেন এবং তাঁর পিঠ হতে তা সরিয়ে ফেললেন।

যখন তিনি সালাত শেষ করলেন, তখন তিনবার বললেন, হে আল্লাহ! কুরায়শকে ধর। হে আল্লাহ! আবূ জাহল ইবনু হিশাম, শায়বাহ্ ইবনু রবী’আহ, উতবাহ ইবনু রবী’আহ্, উকবাহ্ ইবনু আবূ মু’আয়ত্ব প্রমুখকে পাকড়াও কর। এভাবে তিনি কুরাইশদের সাতজনের নাম বললেন। আবদুল্লাহ বলেন, সে আল্লাহর কসম! যিনি তার উপর কুরআন অবতীর্ণ করেছেন, আমি তাদের সকলকে বদরের দিন একই গর্তে মৃত অবস্থায় পতিত দেখেছি।

## English

192. If The Stomach Contents Of Animals Whose Meat May Be Eaten Get On : One's Clothes

It was narrated that 'Amr bin Maimun said: Abdullah told us: 'The Messenger of Allah (ﷺ) was praying at the House (the Ka'bah) and a group of the nobles of Quraish were sitting there. They had just slaughtered a camel and one of them said: Which of you will take these stomach contents with the blood and wait until he prostrates, then put them on his back? 'Abdullah said: 'The one who was most doomed got up and took the stomach contents, then went and waited until he prostrated himself, and put it on his back. Fatimah, the daughter of the Messenger of Allah (ﷺ), who was a young girl, was told about that, and she came running and took it off his back. When he had finished praying he said: O Allah! Punish the Quraish, three times, O Allah, punish Abu Jahl bin Hisham, Shaibah bin Rabi'ah, 'Utbah bin Rabi'ah, 'Uqbah bin Abi Mu'ait until he had listed seven men from Quraish.' 'Abdullah said: 'By the One Who revealed the Book to him, I saw them dead on the day of Badr (their corpses) in a single dry well.'

ফুটনোট

সহীহ: বুখারী ২৪০, মুসলিম ১৭৯৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86578

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন